

190

প্রধানমন্ত্রীর সভানেত্রীত্বে উচ্চ পর্যায়ের বৈঠক

প্রাথমিক শিক্ষা সর্বাধিক মনোযোগ পাবে

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভানেত্রীত্বে অনুষ্ঠিত উচ্চ পর্যায়ের এক বৈঠকে দেশের প্রাথমিক শিক্ষার প্রতি সবচেয়ে বেশী মনোযোগ দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। গতরাতে আন্তর্জাতিক সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ বৈঠকে প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কর্মসূচীর তৎপরতা পর্যালোচনা করা হয়। বৈঠকে প্রাথমিক ও গণশিক্ষা খাতের মান ও দক্ষতা বৃদ্ধির জন্য কয়েকটি সিদ্ধান্ত নেয়া হয়। ক্রমবর্ধমান ছাত্রদের স্থান সংকুলানের জন্য বর্তমান প্রাথমিক বিদ্যালয়গুলো পুনর্নির্মাণ, যেরামত ও সম্প্রসারণের জন্য বৈঠকে দুই বছরের একটি প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। খবর বাসস'র।

বৈঠকে প্রাথমিক বিদ্যালয়গুলোর ক্রমবর্ধমান তালিকার বর্তমান ধারায় সন্তোষ প্রকাশ করা হয়। পাঠ্যসূচীর উন্নয়ন, রিক্রুটমেন্ট ও প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণের বিষয়ও বৈঠকে আলোচনা করা হয়। প্রাথমিক শিক্ষা কর্মসূচী জোরদার এবং শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির জন্য স্থানীয় নেতৃবৃন্দকে জড়িত করার বিষয়ও বৈঠকে আলোচিত হয়। বৈঠকে

বর্তমান বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (৯২-৯৩) প্রাথমিক ও গণশিক্ষার অগ্রগতি পর্যালোচনা করা হয়। বৈঠকে জানানো হয়, সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) ১৯টি প্রকল্পের মধ্যে ১১টি প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে রয়েছে। ১৯টির মধ্যে ১৮টি বিদেশী সাহায্যে এবং ১টি দেশীয় সম্পদে বাস্তবায়িত হচ্ছে।

প্রকল্পগুলোর মধ্যে রয়েছে ঢাকা, রাজশাহী ও খুলনা বিভাগের অধীন প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প, চট্টগ্রাম বিভাগের প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প, ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত প্রাথমিক বিদ্যালয়সমূহের পুনর্বাসন, সমন্বিত ও অনানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ প্রকল্প, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায় শিক্ষার পাঠ্যসূচী এবং পাঠক্রম উন্নয়ন প্রকল্প।

অন্যান্যের মধ্যে অর্থমন্ত্রী এম সাইফুর রহমান, পরিকল্পনামন্ত্রী জহিরউদ্দীন খান, মন্ত্রিপরিষদ সচিব আম্মুর রহমান, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব কে এম রাওয়ানী এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের পদস্থ কর্মকর্তা এ বৈঠকে উপস্থিত ছিলেন।

AND STATISTICS

REPORT

COPY NUMBER